NYC সকলের জন্য পরিবেশগত ন্যায়ের দ্বিতীয় সর্বজনীন মন্তব্য সময়কাল

NYC পরিবেশগত ন্যায় উপদেষ্টা পরিষদ (NYC Environmental Justice Advisory Board) এবং নিউ ইয়র্ক শহর সকলের জন্য পরিবেশগত ন্যায় রিপোর্ট (Environmental Justice For All Report) এর জন্য খসড়া ব্যাপ্তির ওপরে মতামত চাওয়ার জন্য একটি দ্বিতীয় সর্বজনীন মন্তব্যের সময়কাল আয়োজন করছে। 2021 এর বসন্তকালে প্রথম সর্বজনীন অংশগ্রহণ প্রক্রিয়াতে আমরা যা শুনেছিলাম, তার ভিত্তিতে খসড়া ব্যাপ্তিটি প্রস্তুত হয়েছে:

- আমরা রিপোর্টটিতে পরিবেশগত ন্যায় সংক্রান্ত যে উদ্বেগগুলি অধ্যয়ন করব তার একটি তালিকা এবং সেগুলিকে বিশ্লেষণ করার জন্য আমাদের পন্থা;
- শহরের যে কর্মসূচি ও নীতিগুলি পরিবেশগত ন্যায়কে প্রভাবিত করে সেগুলি পর্যালোচনা করার জন্য আমাদের পন্থা;
- শহরটি পরিবেশগত সিদ্ধান্ত-গ্রহণে কীভাবে সম্প্রদায়গুলিকে যুক্ত করে তা খতিয়ে দেখার জন্য আমাদের পন্থা;

ব্যাপ্তিটি আপনার উদ্বেগ ও জীবনযাপনের অভিজ্ঞতাগুলির প্রতিনিধিত্ব করে তা সুনিশ্চিত করার জন্য আমাদের আপনার বক্তব্য শোনা প্রয়োজন। পূর্ণ খসড়া ব্যাপ্তি বা সারসংক্ষেপটি নিচে পড়ুন এবং **আপনার বক্তব্য জানানোর জন্য 31 আগস্ট 2021 এর মধ্যে মন্তব্যগুলি জমা দিন।**

সকলের জন্য পরিবেশগত ন্যায়ের রিপোর্ট: খসড়া ব্যাপ্তির সারসংক্ষেপ

কাজ 1: পরিবেশগত পরিণাম ও জলবায়ুর ঝুঁকিগুলির বিশ্লেষণ

লক্ষ্য: পরিবেশগত সুবিধা ও বোঝাগুলি কীভাবে শহর ব্যাপী বণ্টন করা হয় তা সনাক্ত করা, বিশেষত ঐতিহাসিকভাবে প্রান্তিক জনসমষ্টি এবং পরিবেশগত ন্যায়ের অঞ্চলগুলিতে বসবাসকারী মানুষদের মধ্যে। বিশ্লেষণটি পরিবেশগত ন্যায়ের উদ্বেগগুলির মূল্যায়ন করবে এবং যে অঞ্চলগুলিতে পরিবেশগত ন্যায় সংক্রান্ত উদ্বেগগুলি সবচেয়ে তীব্র, সেখানে উপলভ্য পরিবেশগত তথ্য, বিদ্যমান অবকাঠামো, উদ্ধৃত অভিযোগ ও লঙ্ঘনগুলি, এবং জলবায়ু পরিবর্তনের অনুমানগুলি এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

আমরা রিপোর্টটিতে পরিবেশগত ন্যায় সংক্রান্ত যে উদ্বেগগুলি অধ্যয়ন করব:

- পানীয় জলের মান
- দূষিত বা অবনমিত জলাশয়, যেমন নদী বা পুকুরের নৈকট্য
- নিকাশী অবকাঠামোর মান ও ব্যবস্থাপনা
- ক্ষতিকারক উপাদানের সংস্পর্শ
- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, যার মধ্যে বেআইনি আবর্জনা ফেলা অন্তর্ভুক্ত, তবে এতেই সীমিত নয়
- উদ্যান ছাড়া অন্যান্য সবুজ সম্পদ, রাস্তার গাছ ও প্রাকৃতিক অঞ্চলগুলি সহ
- উদ্যান, জলাশয়ের সম্মুখভাগ, এবং সর্বজনীন সবুজ স্থানে প্রবেশাধিকার
- উদ্যান ও গাছের শামিয়ানার রক্ষণাবেক্ষণ ও মান
- ঘরের ভিতরের হাওয়া ও আবাসনের মান

- ঘরের বাইরের হাওয়ার মান, যার মধ্যে রয়েছে নিকটবর্তী দূষণকারী অবকাঠামো বা কার্যকলাপগুলির নৈকট্য
- আওয়াজ, যার মধ্যে নির্মাণ ও ভারি অবকাঠামো থেকে আওয়াজ অন্তর্ভুক্ত
- জমির ব্যবহার সংক্রান্ত সমস্যা, যা অন্যান্য পরিবেশগত ন্যায় সংক্রান্ত উদ্বেগে অবদান রাখতে পারে
- যানবাহন, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে যানবাহনের পরিমাণ, যানজট ও ট্রাফিক নিরাপত্তা
- তাজা খাদ্য ও পুষ্টির সুযোগ
- শক্তির ব্যবহার ও ইউটিলিটির সাশ্রয়করতা, যার মধ্যে শক্তির খরচের বোঝা এবং শক্তির অদক্ষতা অন্তর্ভুক্ত
- ট্রানজিট ও বিকল্প পরিবহনের প্রবেশযোগ্যতা

কাজ 2: পরিবেশগত ন্যায়ে শহরের অবদানের বিশ্লেষণ

লক্ষ্য: পরিবেশগত ন্যায় ও পরিবেশগত অবিচারে অবদান রাখার ক্ষেত্রে সিটির প্রশাসন কীভাবে একটি ভূমিকা গ্রহণ করছে তা বোঝা ও সনাক্ত করার জন্য সিটির এজেন্সিগুলির সংশ্লিষ্ট কর্মসূচি, প্রক্রিয়া, কার্যকলাপ ও নীতিগুলির পর্যালোচনা করা।

বিশ্লেষণটিতে কর্মসূচিগুলির একটি তালিকা অন্তর্ভুক্ত থাকবে, যা:

- পরিবেশগত ন্যায় ও ন্যায্যতার লক্ষ্যগুলিকে অগ্রসর করতে সাহায্য করে এবং সেই কর্মসূচিগুলিকে কীভাবে পরিকল্পনা ও বাস্তবায়ন করা হয়েছিল তার একটি বর্ণনা;

- পরিবেশগত ন্যায় সংক্রান্ত উদ্বেগে অবদান রাখে, এবং কর্মসূচিগুলি কীভাবে সেই উদ্বেগে অবদান রাখে তার একটা বর্ণনা;

- দেশ ব্যাপী অন্যান্য শহর ও স্টেটগুলির থেকে পরিবেশগত ন্যায় ও ন্যায্যতার লক্ষ্যগুলিকে অগ্রসর করে।

কাজ 3: সিটির এজেন্সিগুলির দ্বারা সর্বজনীন অংশগ্রহণ এবং পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণের পর্যালোচনা করা

লক্ষ্য: যুক্ত করার প্রক্রিয়াগুলির উন্নতি করার জন্য সেরা অনুশীলন এবং পরিবেশগত ন্যায়ের মূলনীতিগুলিকে আরও ভালভাবে একীভূত করার উপায়গুলি সনাক্ত করার জন্য, পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণে সিটি নিউ ইয়র্কবাসীদের সঙ্গে কেমন আচরণ করে এবং কীভাবে জড়িত করে তা বিশ্লেষণ করা, বিশেষত পরিবেশগত সুবিধাগুলির বণ্টনের ওপরে।

পর্যালোচনাটির ফলাফলে অন্তর্ভুক্ত থাকবে:

- পরিবেশগত ন্যায়ের মূলনীতিগুলিকে একীভূত করা এবং পরিবেশগত ন্যায়ের অঞ্চলগুলিতে মানুষের কাছে পৌঁছানো এবং তাদের অংশগ্রহণের উন্নতি করার জন্য বিদ্যমান কর্মসূচি ও নীতির জন্য সুপারিশগুলি;

- সিটির এজেন্সিগুলিকে পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নির্দেশনা দেওয়ার জন্য, পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণে অর্থপূর্ণ অংশগ্রহণের মূলনীতি ও মূল্যবোধগুলি;

- তাদের পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে পরামর্শ করার জন্য সিটি এজেন্সিগুলির অর্থপূর্ণ অংশগ্রহণের উদাহরণগুলি প্রদর্শনকারী একটি টুলকিট।

সর্বজনীন মন্তব্য

আমরা আপনার মন্তব্য শুনতে চাই। নিউ ইয়র্কবাসীদের বাস্তব জীবনে সম্মুখীন হওয়া সমস্যাগুলির ভিত্তিতে NYC সকলের জন্য পরিবেশগত ন্যায় রিপোর্টটি প্রস্তুত করা হয়, মন্তব্যগুলি তা সুনিশ্চিত করতে সাহায্য করবে, তাই অবশ্যই আপনার মতামত ব্যক্ত করুন!

স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত যে উদ্বেগগুলির জন্য সিটির পক্ষ থেকে তাৎক্ষণিক মনোযোগ প্রয়োজন হয়, সেগুলির জন্য অনুগ্রহ করে 3-1-1 এ কল করুন অথবা অনলাইন অনুরোধ জমা দিন।

একটি মন্তব্য জমা দেওয়ার জন্য, অনুগ্রহ করে নিচের ফর্মটি ভরুন। আপনি আপনার মন্তব্যগুলি EJ@climate.nyc.gov এ ইমেল করতেও পারেন, অথবা 212-788-4144 এ আমাদের জন্য একটি ভয়েস মেসেজ রাখুন। মন্তব্যগুলি অবশ্যই 31 আগস্ট, 2021 এর মধ্যে গৃহীত হতে হবে।

মন্তব্যগুলি তথ্যের স্বাধীনতা আইন (Freedom of Information Law) এর অধীনে প্রকাশযোগ্য হবে এবং পরিবেশগত ন্যায় উপদেষ্টা পরিষদ বা মেয়রের অফিস দ্বারা অজ্ঞাতপরিচয়ভাবে প্রকাশ করা হতে পারে। মন্তব্যগুলির প্রকাশনা মেয়রের অফিস, পরিবেশগত ন্যায় উপদেষ্টা পরিষদ বা নিউ ইয়র্ক শহর কর্তৃক সমর্থনের পরিচায়ক নয়।

**প্রয়োজনীয় ক্ষেত্রগুলিকে নির্দেশ করে*

আপনি কোন বরোয় বাস করেন?*

- Bronx
- Brooklyn
- Manhattan
- Staten Island
- Queens

আপনি কোন পাড়ায় বাস করেন?*

Bronx- 1	Melrose, Mott Haven, Port Morris
Bronx- 2	Hunts Point, Longwood
Bronx- 3	Morrisania, Melrose, Crotona Park East
Bronx- 4	Highbridge, West Concourse, Concourse Village
Bronx- 5	University Heights, Fordham, Mount Hope
Bronx- 6	Belmont, East Tremont, Bathgate
Bronx- 7	Bedford Park, Kingsbridge Heights, Norwood
Bronx- 8	Riverdale, Kingsbridge, Marble Hill
Bronx- 9	West Farms, Parkchester, Unionport
Bronx- 9	Soundview, Castle Hill, Clason Point

Bronx- 10	City Island, Pelham Bay, Co-op City
Bronx- 10	Schuylerville, Throgs Neck, Edgewater Park
Bronx- 11	Morris Park, Pelham Parkway, Van Nest
Bronx- 11	Bronxdale, Allerton, Pelham Gardens
Bronx- 12	Eastchester, Edenwald, Baychester
Bronx- 12	Williamsbridge, Wakefield, Woodlawn
Brooklyn- 1	Greenpoint, Williamsburg
Brooklyn- 2	Brooklyn Heights, Cobble Hill
Brooklyn- 2	Downtown Brooklyn, DUMBO, Boerum Hill
Brooklyn- 2	Fort Greene, Clinton Hill
Brooklyn- 3	Bedford-Stuyvesant
Brooklyn- 4	Bushwick
Brooklyn- 5	East New York, Cypress Hills
Brooklyn- 6	Carroll Gardens, Red Hook
Brooklyn- 6	Gowanus, Park Slope
Brooklyn- 7	Sunset Park, Windsor Terrace
Brooklyn- 8	Crown Heights, Prospect Heights
Brooklyn- 9	Prospect Lefferts Gardens
Brooklyn- 10	Bay Ridge, Dyker Heights
Brooklyn- 11	Bensonhurst, Bath Beach
Brooklyn- 12	Borough Park, Kensington, Ocean Parkway
Brooklyn- 13	Coney Island, Brighton Beach, Gravesend
Brooklyn- 14	Flatbush, Midwood
Brooklyn- 15	Sheepshead Bay, Gerritsen Beach
Brooklyn- 16	Brownsville, Ocean Hill
Brooklyn- 17	East Flatbush
Brooklyn- 18	Canarsie, Flatlands, Mill Basin
Manhattan- 1	Lower Manhattan, Battery Park City
Manhattan- 2	Greenwich Village, West Village, SoHo
Manhattan- 3	Lower East Side, East Village, Chinatown
Manhattan- 4	Chelsea, Clinton, Hudson Yards
Manhattan- 5	Midtown, Flat Iron, Union Square
Manhattan- 6	Stuyvesant Town, Turtle Bay, Kips Bay
Manhattan- 7	Upper West Side, Lincoln Square
Manhattan- 8	Upper East Side, Roosevelt Island
Manhattan- 9	Morningside Heights, West Harlem
Manhattan- 9	Manhattanville, Hamilton Heights
Manhattan- 10	Central Harlem
Manhattan- 11	East Harlem

Manhattan- 12	Washington Heights, Inwood
Queens- 1	Astoria, Steinway
Queens- 1	Queensbridge, Ravenswood, Long Island City
Queens- 2	Hunters Point, Sunnyside, Woodside
Queens- 3	Jackson Heights, East Elmhurst
Queens- 4	Elmhurst, Corona
Queens- 5	Ridgewood, Glendale
Queens- 5	Maspeth, Middle Village
Queens- 6	Forest Hills, Rego Park
Queens- 7	College Point, Whitestone, Bay Terrace
Queens- 7	Flushing, Murray Hill, Queensboro Hill
Queens- 8	Fresh Meadows, Briarwood, Hillcrest
Queens- 9	Woodhaven, Richmond Hill, Kew Gardens
Queens- 10	Ozone Park, Howard Beach
Queens- 11	Bayside, Douglaston, Little Neck
Queens- 12	Jamaica, St. Albans, Hollis
Queens- 13	Laurelton, Rosedale, Brookville
Queens- 13	Queens Village, Bellerose, Floral Park
Queens- 14	The Rockaways, Broad Channel
Staten Island- 1	Mariner's Harbor, Port Richmond, Westerleigh
Staten Island- 1	St. George, Stapleton, New Brighton
Staten Island- 2	New Springville, Bloomfield, Todt Hill
Staten Island- 2	New Dorp, South Beach
Staten Island- 3	Tottenville, Woodrow, Great Kills

আপনি কি একটি পরিবেশগত ন্যায় অঞ্চলে বাস করেন?*

*আপনি কোনও পরিবেশগত ন্যায় অঞ্চলে বাস করেন কিনা তা দেখতে মানচিত্রটি দেখুন। আমরা আপনার ঠিকানা সংরক্ষণ **করব না**।*

- হ্যাঁ,
- না,
- অনিশ্চিত/প্রকাশ করতে চাই না

ব্যাপ্তির কাজ 1 এ প্রস্তাবিত পরিবেশগত ন্যায় সংক্রান্ত উদ্বেগগুলি কি আপনার অগ্রাধিকার ও জীবনযাপনের অভিজ্ঞতাগুলির প্রতিনিধিত্ব করে?*

- হ্যাঁ
- না
- অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: ____

আমরা কি কোনও গুরুতর পরিবেশগত ন্যায় সংক্রান্ত বিষয়কে বাদ দিয়েছি?

- হ্যাঁ

- না
- অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: ____

এমন কোনো পরিবেশগত কর্মসূচি বা কার্যকলাপ আছে কি যা আপনার পাড়া বা আপনার সম্প্রদায়ে জীবনের মানকে উন্নত করেছে?

- হ্যাঁ
- না
- অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: ____

আপনি কি বিশ্বাস করেন যে সিটি এজেন্সিগুলি কোনো ভাবে আপনার পাড়াতে নেতিবাচক পরিবেশগত অবস্থায় অবদান রাখে?

- হ্যাঁ
- না
- অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: ____

পরিবেশগত উদ্বেগের ওপরে সিটির এজেন্সিগুলির সাথে আপনার পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়াকে আপনি কীভাবে বর্ণনা করবেন?

1- ইতিবাচক
2- বেশির ভাগ ইতিবাচক
3- ইতিবাচক না নেতিবাচক কোনোটাই নয়
4- বেশির ভাগ নেতিবাচক
5- নেতিবাচক
6- আমি পরিবেশগত বিষয়গুলির ওপরে সিটির এজেন্সিগুলির সঙ্গে কোনও পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া করি নি।

নিউ ইয়র্ক সিটিতে পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণে আপনার অংশগ্রহণ করার অভিজ্ঞতা কেমন ছিল?*

- ইতিবাচক
- নেতিবাচক
- অনিশ্চিত/কখনও অংশগ্রহণ করি নি

পরিবেশগত সিদ্ধান্ত গ্রহণে "অর্থপূর্ণ অংশগ্রহণ" আপনার কাছে কেমন দেখায়?

আপনার জাতি/জাতীয়তা কী?*

- শ্বেতাঙ্গ
- হিস্প্যানিক বা ল্যাটিনো
- কৃষ্ণাঙ্গ
- এশীয়
- আমেরিকার মূলবাসী
- অন্যান্য: ____
- প্রকাশ করতে চাই না

আপনি সর্বোচ্চ কোন পর্যায়ের শিক্ষা পেয়েছেন?

- হাই স্কুলে কিছু দূর
- হাই স্কুল ডিপ্লোমা
- কলেজে কিছু দূর
- অ্যাসোসিয়েট'স ডিগ্রি
- ব্যাচেলর্স ডিগ্রী
- ট্রেড স্কুল বা সার্টিফিকেশন
- মাস্টার ডিগ্রী
- ডক্টরেট (যথা PhD, JD)
- অন্য
- প্রকাশ করতে চাই না

আপনার পারিবারিক আয় কত?*

- $10,000 এর কম
- $10,000 - $14,999
- $15,000 - $24,999
- $25,000 - $34,999
- $35,000 - $49,999
- $50,000 - $74,999
- $75,000 - $99,999
- $100,000 - $149,000
- $150,000 বা তার বেশ
- প্রকাশ করতে চাই না

আপনার বয়স কত?

- 18 এর কম
- 18-24
- 25-34
- 35-44
- 45-54
- 55-65
- 65 এর বেশি
- প্রকাশ করতে চাই না

আপনার পরিবারে কতজন আছেন?

- 1
- 2
- 3
- 4
- 5
- 6
- অন্যান্য: ____
- প্রকাশ করতে চাই না

আপনি যদি সিটির পরিবেশগত ন্যায় কর্মসূচির সাথে সম্পর্কিত সাম্প্রতিক তথ্যের ব্যাপারে আগ্রহী হন,
তাহলে অনুগ্রহ করে আপনার ইমেল ঠিকানা দিন।

জমা দিন